দৈনিক বাংলা

তারিখ ... 16 JUN 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

23

# শিক্ষাক্ষেত্রে গুণগত পরিবর্তন আনা হবে : কাজী জাফর

চট্টগ্রাম, ১৫ই জুন (বাসস)।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন, সরকার শিক্ষা-ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনতে দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি বলেন, একদিকে জনসংখ্যা বিস্ফোরণ রোধ এবং অন্যদিকে বর্ত-

(৪-এর পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃষ্ঠার পর)

মান জনসংখ্যাকে অর্থবহ মানব-সম্পদে রূপান্তর করা একান্ত প্রয়োজন।

প্রধানমন্ত্রী আজ পাহাড়তলিতে ইন্সটিটিউট অব এ্যাপ্লাইড হেলথ সাইন্সেস-এর ছাত্র-শিক্ষকদের উদ্দেশে ভাষণ দেয়ার সময় একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, জাতীয় শিক্ষা-ব্যবস্থা অবশ্যই গণ ও উৎপাদনমুখী হবে। তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার ছাত্র ও শিক্ষকের অবস্থার উন্নয়নের অঙ্গীকারাবদ্ধ।

এর আগে প্রধানমন্ত্রী ইন্সটিটিউটের ক্লাসরুম, ল্যাবরেটরী ও বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন।

চট্টগ্রাম পৌর কর্পোরেশনের মেয়র জনাব মাহমুদুল ইসলাম চৌধুরী ও স্থানীয় এমপিগণ এসময় প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।